

মিতব্যয়িতা

মিতব্যয়িতা কথাটির অর্থ হলো পরিমিত ব্যয়। সভ্যতার অগ্রগতির সঙ্গে সঙ্গে আমাদের জীবনযাত্রার কৌশল বদলেছে। এখন আমরা অর্থের মাধ্যমে পণ্য কিনি, সুখও কিনতে পারি কিন্তু শান্তি কিনতে পারি না। কারণ সুখ ও শান্তি দুটি একই জিনিস নয়। যার মাধ্যমে আমরা সর্বদাই শান্তি পেতে পারি তা হলো মানসিক সন্তোষ আর সেই মানসিক সন্তোষ থাকলে সুখ আনয়নের জন্য আমাদের ব্যয় করতে হয় না। অনেক ক্ষেত্রেই মিতব্যয়িতা বলতে আমরা কৃপণতাকে বুঝি কিন্তু কথাটা মোটেও ঠিক নয়। কৃপণতা হল অর্থ সঞ্চয়ের প্রতি এমন এক দুর্নিবার মোহ যার ফলে অনেকেই সাধ্য থাকা সত্ত্বেও প্রয়োজন অনুপাতে খরচ করে না, বরং প্রয়োজনকেই করে সংকুচিত। আর অন্যদিকে মিতব্যয়িতা হল সাধ আর সাধ্যের মধ্যে ভারসাম্য তৈরি করা, যাতে সাধ্যের অতিরিক্ত খরচ না করেও স্বচ্ছলতায় থাকা যায়। একটি প্রবাদবাক্য

এক্ষেত্রে প্রণিধানযোগ্য, "Cut your coat according to your clothes." কথায় আছে, "It is hard to earn money but harder to spend money wisely."

মিতব্যয়িতা একটি আপেক্ষিক বিষয়। যে মানুষ যে স্তরে আছেন সেই স্তরের প্রয়োজন এবং সাধ্য বিচার করেই মিতব্যয়িতা স্থির করা যায়। তবে নিয়ম ও নিয়মের ব্যতিক্রম এই সূত্র ধরে আয় ও ব্যয়ের পার্থক্য এত বেশি হয়ে যায় তখন তা সাধারণ মানুষের কাছে দৃষ্টিকটু পর্যায়ে পৌঁছে যায়। তাই এ বিষয়টিতে সকলের অবশ্য সচেতনতা প্রয়োজন।